



## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

### ১। দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
উচ্চমান সহকারি-কাম-কম্পিউটার অপারেটর (পুনঃবিজ্ঞপ্তি) টাঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে কমপক্ষে স্নাতক/ডিগ্রি পাশ হতে হবে। সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে প্রার্থীকে কম্পিউটারের উপর ন্যূনতম অফিস এপ্লিকেশন কোর্স সম্পন্ন থাকতে হবে। শিক্ষা জীবনে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয় (সিজিপিএ ৪ এর মধ্যে ন্যূনতম ২.৫০ থাকতে হবে)। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

### ২। প্রধান প্রকৌশলীর দপ্তর

লিফটম্যান	০৩ টি	প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে। প্রার্থীকে সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে ৬(ছয়) মাস মেয়াদী মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশসহ লিফট পরিচালনা, সার্ভিসিং ও রক্ষনাবেক্ষণ কাজে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
টাঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)		

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ৩০-১০--২০১৮ খ্রিস্টাব্দ/১৫-০৭-১৪২৫ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান-এর অফিসে এবং ক্রমিক-২-এর আবেদনপত্র প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।